

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৩০৩৬

আগরতলা, ১২ মার্চ, ২০২৫

সাংবাদিক সম্মেলনে খাদ্যমন্ত্রী

**মন্ত্রিসভার বৈঠকে ১৫৩টি শূন্যপদে নিয়োগের সিদ্ধান্ত**



শিক্ষা দপ্তর এবং খাদ্য, জনসংভরণ ও ক্রেতাস্বার্থ বিষয়ক দপ্তরে মোট ১৫৩টি শূন্যপদে নিয়োগ করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। গত ১০ মার্চ মন্ত্রিসভার বৈঠকে এই সিদ্ধান্ত নেওয়া হয়। আজ সচিবালয়ে এক সাংবাদিক সম্মেলনে খাদ্য, জনসংভরণ ও ক্রেতাস্বার্থ বিষয়ক দপ্তরের মন্ত্রী সুশান্ত চৌধুরী মন্ত্রিসভার বৈঠকের এই সিদ্ধান্তের কথা জানান। তিনি জানান, শিক্ষা দপ্তরের অধীন রাজ্যের বিভিন্ন বিদ্যালয়ে স্কুলগুলিতে ছাত্রছাত্রীদের মধ্যে পঠনপাঠন সহ কম্পিউটার সম্পর্কে জ্ঞান বর্ধনে টিআরবিটি-র মাধ্যমে ১১৮টি (পিজিটি) কম্পিউটার সায়েন্স শিক্ষক পদে নিয়োগ করা হবে।

খাদ্য, জনসংভরণ ও ক্রেতাস্বার্থ বিষয়ক দপ্তরে ৩৫টি সিনিয়র স্টোর গার্ড (গ্রুপ-সি) শূন্যপদে নিয়োগ করার সিদ্ধান্ত মন্ত্রিসভার বৈঠকে নেওয়া হয়েছে। তিনি জানান, জেআরবিটি-র মাধ্যমে সিনিয়র স্টোর গার্ড পদে নিয়োগ করা হবে।

\*\*\*\*\*